

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৭০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ২০. প্রথম অনুচ্ছেদ - ওয়াসিয়্যাত (অন্তিম উপদেশ বা নির্দেশ)

بَابُ الْوَصنايا

আরবী

عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا حَقُّ امْرِئٍ مُسْلِمِ لَهُ شَيْءٌ يُوصَى فِيهِ يَبِيتُ لَيْلَتَيْنِ إِلَّا وَوَصِيَّة مَكْتُوبَة عِنْده»

বাংলা

ক্রাণ বহুবচন, একবচনে وصيحة বা উপদেশ অর্থে ব্যবহৃত হয়। যেমন আল্লাহ তা'আলা বলেন-

وَلَقَدْ وَصَيَّنَا الَّذِيْنَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ وَإِيَّاكُمْ أَنِ اتَّقُوا اللهَ

''আর আমি তোমাদের পূর্বে কিতাব যাদেরকে কিতাব দিয়েছি এবং তোমাদেরকে উপদেশ দিচ্ছি আল্লাহকে ভয় করার ব্যাপারে।'' (সুরা আন্ নিসা ৪ : ১৩১)

৩০৭০-[১] 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে মুসলিমের এমন ধন-সম্পদ আছে যা ওয়াসিয়্যাত করা যায়; তার নিজের কাছে ওয়াসিয়্যাতনামা লেখে না রেখে দু' রাত অতিবাহিত করারও তার অধিকার (স্যোগ) নেই। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৭৩৮, মুসলিম ১৬৩৭, আবূ দাউদ ২৭৬২, নাসায়ী ৩৬১৫, তিরমিয়ী ৯৭৪, ইবনু মাজাহ ২৬৯৯, আহমাদ ৯৮৫০, দারিমী ৩২১৯, ইরওয়া ১৬৫২, সহীহ আল জামি' ৫৬১৪।

ব্যাখ্যা



ব্যাখ্যা: আলোচ্য হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়াসিয়্যাতযোগ্য সম্পদের লিখিত প্রমাণ রাখার প্রতি উদ্বৃদ্ধ করেছেন। তিনি বর্ণনা করেন যে, কোনো মুসলিম ব্যক্তির উচিত নয়, তার ওয়াসিয়্যাতযোগ্য সম্পদ রেখে সে দু' রাত কাটাবে, অথচ তার কাছে তার ওয়াসিয়্যাত লিখিত থাকবে না। কেননা ওয়াসিয়্যাত জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ অধ্যায়। মানুষ মৃত্যুর পর তার পরিত্যক্ত সম্পদ ওয়ারিসদের মাঝে বন্টনের পূর্বে ওয়াসিয়্যাত পূর্ণ করতে হয়। আর ঐ ব্যক্তি যদি কোনো সম্পদ ওয়াসিয়্যাত করে লিখিত না রেখে মারা যায় তাহলে ওয়ারিসগণ ওয়াসিয়্যাত আদায়ে কোনো কারণে ভুলে গেলে সে জন্য ওয়াসিয়্যাতকারী দায়ী থাকবেন। তাইতো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, অব্যশই ওয়াসিয়্যাতযোগ্য সম্পদ লিখিত রাখবে। এ ব্যাপারে জুমহূর 'উয়ামায়ে কিরাম বলেন- ওয়াসিয়্যাতযোগ্য সম্পদ লিখিত রাখা মুস্তাহাব। (ফাতহুল বারী শ্বেম খন্ড, হাঃ ১৬২৭; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন